**আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগ**
**বাংলাদেশ ব্যাংক**
**প্রধান কার্যালয়**
**ঢাকা।**
***Website: www.bb.org.bd***

**তারিখ:** **০৬ আষাঢ় ১৪৩০**
**২০ জুন ২০২৩**

**ডিএফআইএম সার্কুলার লেটার নং-১১**

**ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা**
**বাংলাদেশে কার্যরত সকল আর্থিক প্রতিষ্ঠান।**

প্রিয় মহোদয়,

**আর্থিক প্রতিষ্ঠানসমূহে নিরাপত্তা ব্যবস্থা জোরদারকরণ এবং অগ্নিনির্বাপণ ব্যবস্থা নিশ্চিতকরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে ডিএফআইএম সার্কুলার নং-০৩, তারিখ: ১৪ মে ২০১৩ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। উক্ত সার্কুলারের মাধ্যমে আর্থিক প্রতিষ্ঠানসমূহে স্থাপনাদির কাঠামোগত নিরাপত্তা (Structural Security) নিশ্চিতকরণের লক্ষ্যে বিভিন্ন নির্দেশনা প্রদানসহ দুর্ঘটনা মোকাবেলায় বিবিধ পূর্বপ্রস্তুতিমূলক কর্মসূচি যেমন: অগ্নি-নির্বাপণ মহড়া এবং ভূমিকম্প ও ভবন ধস মোকাবেলায় করণীয় সম্পর্কে নিয়মিতভাবে প্রশিক্ষণ আয়োজনের ব্যবস্থা করার বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়েছে।

০৩। সম্প্রতি দেশের বিভিন্ন স্থানে অগ্নিকাণ্ডের ঘটনায় জীবন ও সম্পদের ব্যাপক ক্ষয়ক্ষতি পরিলক্ষিত হয়েছে। এ ধরণের অগ্নিকাণ্ডের ঘটনা প্রতিরোধে আর্থিক প্রতিষ্ঠানসমূহকে তাদের কার্যালয়সমূহে অগ্নিনির্বাপণ ব্যবস্থা স্থাপন নিশ্চিত করতে হবে। এতদ্‌প্রেক্ষিতে, সার্বিক নিরাপত্তা ব্যবস্থা জোরদারকরণ এবং অগ্নিনির্বাপণ ব্যবস্থা নিশ্চিতকরণের লক্ষ্যে অগ্নি প্রতিরোধ ও নির্বাপণ আইন, ২০০৩; অগ্নি প্রতিরোধ ও নির্বাপণ বিধিমালা, ২০১৪ এবং Bangladesh National Building Code, 2020 অনুসরণ এবং ডিএফআইএম সার্কুলার নং-০৩, তারিখঃ ১৪ মে ২০১৩ এর নির্দেশনা পরিপালনের জন্য আপনাদেরকে পরামর্শ প্রদান করা হলো।

০৪। আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ এর ১৮(ছ) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ আদেশ জারি করা হলো, যা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

**(মোঃ আমির উদ্দিন)**
পরিচালক (ডিএফআইএম)
ফোনঃ ৯৫৩০১৭৮